

# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 06 May, 2025

জামালপুরের দেওয়ানগঞ্জ অবেধ পথে ভারতীয় প্রসাধনী ও হরিণের কস্তুরী আনার সময় আটক আঃ মতিন কে কারাগারে পাঠিয়েছেন আদালত। মঙ্গলবার (৬ মে) দেওয়ানগঞ্জ মডেল থানায় তার বিরুদ্ধে মামলা দায়েরের পর আদালতে পাঠালে আদালত তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

এর আগে গত সোমবার (৫ মে) গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে তাকে আটক করেন বিজিবি ৩৫ ব্যাটালিয়ানের বাঘারচর টহল দল।

আটক আঃ মতিন কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার নতুন বেপারীপাড়া গ্রামের আবুল কাশেমের ছেলে।

বিজিবি ও পুলিশ সূত্রে জানা গেছে, সোমবার সকালে জামালপুর ব্যাটেলিয়ান ৩৫ বিজিবির অধীন বাঘারচর বিওপির সদস্যরা বাংলাদেশ ভারত সীমান্তে টহল দিচ্ছিল। এসময় বাংলাদেশ ভারত সীমান্তের ১০৭৪/৯ নং পিলারের কাছাকাছি, দক্ষিণ মাখনেরচর নামক স্থান থেকে, ভারতীয় বিভিন্ন প্রসাধনী, হরিণের ৬টি নাভিমৃগ (কস্তুরী) ও ৬ পিছ ইয়াবাসহ ওই যুবককে আটক করা হয়। উদ্ধারকৃত সামগ্রীর আনুমানিক মূল্য ১ কোটি ৬৬ লক্ষ টাকা।

দেওয়ানগঞ্জ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হাসান বলেন, মঙ্গলবার আটক ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত আইনে মামলা দায়েরের পর আদালতে পাঠালে আদালত তাকে জেল হাজতে প্রেরণ করেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:42

URL: <https://www.timestodaybd.com/public/mymensingh/7758072031>